সমকাল

তারিখ ... 28 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ৬ ......



সভাপতি



সম্পাদক

ডুয়েট শিক্ষক সমিতি

# সভাপতি গণেশ সাহা, সম্পাদক ফজলুল হাসান

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শিক্ষক সমিতির নির্বাচনে পুরকৌশল অনুষদের ডিন ও স্থাপত্য বিভাগের প্রধান অধ্যাপক ড. গণেশ চন্দ্র সাহা সভাপতি এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. ফজলুল হাসান সিদ্দিকী সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। নতুন এ কমিটি আগামী এক বছরের জন্য দায়িত্ব নেবে।

নির্বাচনে ১১ সদস্যের কমিটির মধ্যে সভাপতি, সহসভাপতি, ও সদস্যপদে গত রোববার নির্বাচন অনুষ্ঠিত হয়। অন্য পদগুলোর প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

নির্বাচিত অন্য নেতারা হলেন– সহসভাপতি পদে পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. আব্দুস সালাম এবং কার্যনির্বাহী কমিটির সদস্যপদে গণিত বিভাগের অধ্যাপক ড. মাহমুদ আলম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কামাল-আল-হাসান ও যন্ত্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক নাঈম মোহাম্মদ লুৎফুল হক। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতরা হলেন– যুগ্ম সম্পাদক পদে যন্ত্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ ওয়াসিম দেওয়ান, কোষাধ্যক্ষ পদে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ আব্দুর রশিদ, সংস্কৃতি সম্পাদক পদে যন্ত্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক জাহিদুল সরকার, ক্রীড়া সম্পাদক পদে স্থাপত্য বিভাগের প্রভাষক কে এম উলিল আমর বিন জামান এবং মহিলাবিষয়ক সম্পাদক পদে রসায়ন বিভাগের প্রধান অধ্যাপক ড. উম্মে রায়হান। প্রধান নির্বাচন কমিশনার ছিলেন ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. নূরুল ইসলাম। সংবাদ বিজ্ঞপ্তি।